

১। অটোমাইগ্রেশন কি?

উত্তর : শিক্ষার্থীরা আবেদনের সময় যে টেকনোলজি-প্রতিষ্ঠান পছন্দ প্রদান করে থাকেন, তার একটি ক্রমিক নং রয়েছে। অটোমাইগ্রেশন হলো আপনার পছন্দক্রম অনুযায়ী ফলাফল উপরের ক্রমিক নম্বরের দিকে যাবে।

২। অটোমাইগ্রেশন কখন কিভাবে হয়?

উত্তর : পছন্দক্রম অনুযায়ী উপরের দিকে আসন খালি হলে এবং অটোমাইগ্রেশন খোলা থাকলে, আপনার ফলাফল পছন্দক্রম অনুযায়ী উপরের ক্রমিক নম্বরের দিকে যাবে। ১ম পর্যায়ের ফলাফলের পর ১ম অটোমাইগ্রেশন হবে ও ২য় পর্যায়ের ফলাফলের পর ২য় অটোমাইগ্রেশন হবে। যতবার অপেক্ষামান তালিকা প্রকাশ হবে ততবার অটোমাইগ্রেশন হবে। অটোমাইগ্রেশন খোলা থাকলে সর্বশেষ যে টেকনোলজি-প্রতিষ্ঠান থাকবে সেখানে আপনাকে অধ্যয়ন করতে হবে।

৩। কোটায় আবেদন কারীদের করণীয়?

উত্তর : কোটায় আবেদনকারীদের প্রথমে অনলাইনে আবেদন করতে হবে ও প্রয়োজনীয় কাগজপত্র অনলাইনে আপলোড করতে হবে। আবেদন করার পর Application ID এর প্রিন্ট কপিসহ অনলাইন ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্ন লিখিত প্রযোজ্য ক্ষেত্রে প্রমানকের মূলকপি প্রদর্শন পূর্বক ফটোকপি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের ভবনের ২০৩ নং কক্ষে প্রকৌ. মো. মোস্তফা, ইন্সট্রি লিয়াজো অফিসার বরাবর সরাসরি জমা দিতে হবে। অন্যথায় কোটার জন্য বিবেচ্য হবেনা।

প্রমানক মিথ্যা/নকল প্রমানিত হলে আবেদনকৃত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গন্য হবে এবং ফৌজদারি আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমিক নং	কোটার নাম	প্রমানক	মন্তব্য
১।	ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী কোটা	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র।	কোটায় আবেদনকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদনপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে মূলকপি প্রদর্শন পূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের ভবনের ২০৩ নং কক্ষে প্রকৌ. মো. মোস্তফা, ইন্সট্রি লিয়াজো অফিসার বরাবর সরাসরি জমা দিতে হবে।
২।	মুক্তিযোদ্ধা কোটা	মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান অথবা কাউন্সিলার কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে।	
৩।	প্রতিবন্ধী কোটা	প্রতিবন্ধী শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র অথবা সমাজসেবা অধিদপ্তরের হইতে প্রাপ্ত আইডি কার্ড এর মূলকপি।	
৪।	পোষ্য কোটা	শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র।	
৫।	ট্রেড কোর্স কোটা	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সধারীদের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।	
৬।	মহিলা কোটা	এসএসসি/ সমমান ফলাফল হতে মহিলা কোটা বোঝা জাবে।	
৭।	এসএসসি (ভোক:) / দাখিল (ভোক:)	এসএসসি (ভোক:)/ দাখিল (ভোক:) ফলাফল হতে ভোকেশনাল কোটা বোঝা জাবে।	

৪। 'ও' লেভেল পাসকৃত শিক্ষার্থী করণীয় কি? তারা কিভাবে ভর্তি হতে পারবে?

উত্তর : 'ও' লেভেল হতে যারা পাস করেছে তাদের নম্বরসনদ ঢাকা শিক্ষা বোর্ড হইতে এসএসসি এর সমমান করে মেধাক্রম অনুসারে ভর্তি সুযোগ দেওয়া হবে। ঢাকা বোর্ড হইতে সমমান করার পর মূল কাগজপত্র প্রদর্শন পূর্বক ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক আবেদনের নির্ধারিত সময়ের মধ্যে পুরাতন ভবনের ৪১২ কক্ষে উপস্থিত হয়ে আবেদন করতে হবে।